



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৬১/ ৩২৪/

তারিখঃ ২০.০৮.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- নিয়োগ প্রক্রিয়া স্থগিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলাধীন মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার মুহাম্মদ তবারক আলী গত ২০/০৪/২০১৯ খ্রি. তারিখে “দৈনিক পূর্বকোণ” পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন ৫০৩৪/২০১৯ দায়ের করেন। উক্ত রিটের শুনানীঅন্তে মহামান্য হাইকোর্ট প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির উপর ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেছেন। মহামান্য আদালত রিট আবেদনকারীর ০৭/০৫/২০১৯ ইং তারিখের দরখাস্ত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ প্রদান করেছেন।

নথি পর্যালোচনায় মামলার বাদী জনাব মোঃ তবারক আলীর বর্ণিত ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের কোন দরখাস্ত বোর্ডে পাওয়া যায়নি। বোর্ডে প্রাপ্ত রিট পিটিশন নং ৫০৩৪/২০১৯ এ প্রদত্ত ১২/০৫/২০১৯ খ্রি. তারিখের আদেশ এ বর্ণিত বাদীর ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত (Annexure-G to supplementary Affidavit) মহামান্য আদালত থেকেও রিট পিটিশন নং ৫০৩৪/২০১৯ এর কপির সাথেও বোর্ডে প্রেরণ করা হয়নি। উক্ত দরখাস্ত বিষয়ে বোর্ড কর্তৃপক্ষ অদ্যাবধি অবহিত নয়।

বর্ণিত অবস্থায় জরুরী ভিত্তিতে ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত ও সমর্থনীয় কাগজপত্র মহামান্য আদালতের নির্দেশনা মোতাবেক উক্ত দরখাস্ত নিষ্পত্তির নিমিত্তে বোর্ডে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০.০৮.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

জনাব, মোঃ তবারক আলী, (সহ-সুপার) পিতা: মৃত: কবির আহমেদ,
গ্রাম: হাজীগাঁও, পো: মোনায়মশাহ, উপজেলা: বাশখালী, জেলা: চট্টগ্রাম

নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৬১/

তারিখঃ ০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
৪. সুপার/সভাপতি, মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪